রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ৩০, ২০২০

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ নভেম্বর, ২০২০ খ্রিষ্টাব্দ/১৫ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ

**নং ১৭.০০.০০০০.০৪৫.৪১.০০১.১৮-৩৭৩** ।—“স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০” এর বিধি ৮৬ তে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৮ নভেম্বর, ২০২০ খ্রিঃ তারিখের নং-১০.০০.০০০০.১২৫.৯৯.০০২.১৯.৪৮৪ স্মারকমূলে জারীকৃত পত্রের প্রেক্ষিতে উক্ত বিধিমালার বিধি ৭২, বিধি ৭৪, বিধি ৭৫, বিধি ৭৬, বিধি ৭৭-এর উপবিধি (১) এবং বিধি ৭৮ এর অধীন শাস্তিযোগ্য নির্বাচনি অপরাধসমূহ The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 190 এর sub-section (1) এর অধীন আমলে নেয়া এবং তা সংক্ষিপ্ত পদ্ধতিতে বিচার সম্পন্নের নিমিত্ত নিম্ন তফসিলের ৪ নং কলামে বর্ণিত ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে ৫ নং কলামে বর্ণিত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ১৪ (চৌদ্দ) জন বিচার বিভাগীয় কর্মকর্তাকে ৬ নং কলামে বর্ণিত ভোটগ্রহণের দিন মোতাবেক দায়িত্ব পালনের নিমিত্ত প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নিয়োগ প্রদান করল :

“তফসিল”

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | কর্মকর্তাদের দায়িত্বপ্রাপ্ত দিন ও তারিখ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | জামালপুর | দেওয়ানগঞ্জ | পাররামরামপুর | জনাব ফয়সল তারেক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, জামালপুর | ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ৩ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ হতে ০৭ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিন |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ২. | কুড়িগ্রাম | রৌমারী | দাঁতভাঙ্গা | জনাব মিলন চন্দ্র পাল, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম | ভোটগ্রহণের পূর্বের দু'দিন, ভোটগ্রহণের দিন ও ভোটগ্রহণের পরের দু'দিন অর্থাৎ ০৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ হতে ১২ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ০৫(পাঁচ) দিন |
| ৩. | | | বন্দবেড় | জনাব সুমন আলী, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম | |
| ৪. | | | চর শৌলমারী | বেগম সঞ্চিতা বিশ্বাস, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম | |
| ৫. | বরিশাল | মেহেন্দিগঞ্জ | উত্তর উলানিয়া | জনাব মনিরুজ্জামান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, বরিশাল | |
| ৬. | | | দক্ষিণ উলানিয়া | জনাব মোঃ শামীম আহম্মেদ, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, বরিশাল | |
| ৭. | রাঙ্গামাটি | বিলাইছড়ি | বড়থলি | জনাব আসাদ উদ্দিন মোঃ আসিফ, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি | |
| ৮. | | সদর | মগবান | জনাব বেলাল হোসেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি | |
| ৯. | ময়মনসিংহ | নান্দাইল | জাহাঙ্গীরপুর | জনাব সুব্রত ঘোষ শুভ, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়ময়নসিংহ | |
| ১০. | নরসিংদী | মনোহরদী | গোতাশিয়া | জনাব মোঃ মঈন উদ্দিন কাদির, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নরসিংদী | |
| ১১. | শরীয়তপুর | ভেদরগঞ্জ | ডিএম খালি | জনাব মোঃ আল-ইমরান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, শরীয়তপুর | |
| ১২. | মৌলভীবাজার | কুলাউড়া | বরমচাল | জনাব মোহাম্মদ দাউদ হাসান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার | |
| ১৩. | হবিগঞ্জ | সদর | রাজিউড়া | জনাব মোহাম্মদ সুলতান উদ্দীন প্রধান, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ | |
| ১৪. | কুমিল্লা | মুরাদনগর | রামচন্দ্রপুর উত্তর | জনাব মোহাম্মদ শামছুর রহমান, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা। | |

২। উল্লিখিত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্বপ্রাপ্ত নির্বাচনি এলাকায় এই নিয়োগপত্রের বিপরীতে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতঃ সংশ্লিষ্ট সকল-কে অবগত করবেন।

৩। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক দায়িত্ব পালনকালে কোনো নির্বাচনি অপরাধসমূহ বিচারার্থে আমলে নেয়া হলে তদমর্মে প্রতিবেদন নির্বাচন কমিশন সচিবালয়ের উপসচিব(আইন) এর web mail address (ds law@ecs.gov.bd) এ নিম্নোক্ত ছকে প্রেরণ করবেন।

জেলার নাম :............................ ইউনিয়ন পরিষদের নাম :..........................

| ক্রম | জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটের নাম, পদবি ও মোবাইল নম্বর | অভিযোগকারীর নাম ও ঠিকানা | যার বিরুদ্ধে অভিযোগ আনয়ন করা হয়েছে তার নাম ও ঠিকানা | অভিযোগের তারিখ ও সংক্ষিপ্ত বিবরণ | অভিযোগের বিষয়ে গৃহীত ব্যবস্থার বিবরণ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

৪। দায়িত্বপ্রাপ্ত জুডিসিয়াল সার্ভিসের কর্মকর্তাগণকে নির্বাচনি দায়িত্ব পালনের নিমিত্ত অবমুক্ত করার জন্য সংশ্লিষ্ট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করা হল।

৫। উক্ত ম্যাজিস্ট্রেটগণ দায়িত্ব পালনকালে ০১(এক) জন বেঞ্চ সহকারী/স্টেনোগ্রাফার/অফিস সহকারীকে সহকারী হিসেবে সঙ্গে নিতে পারবেন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাদের নিজ নিজ অফিস প্রধানকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৬। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট এলাকায় দায়িত্ব পালনকালে প্রয়োজনীয় যানবাহন সরবরাহ করার জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৭। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণকে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় আদালত পরিচালনার নিমিত্ত প্রয়োজনীয় সশস্ত্র পুলিশ নিয়োগ করার জন্য সংশ্লিষ্ট পুলিশ কমিশনার/পুলিশ সুপার- কে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৮। দায়িত্বপ্রাপ্ত ম্যাজিস্ট্রেটগণ ও সংশ্লিষ্ট বেঞ্চ সহকারী/ স্টেনোগ্রাফার/অফিস সহকারী বিধি মোতাবেক যাতায়াত ভাতা/ দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রাপ্ত হবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**আফরোজা শিউলী**

উপসচিব (আইন)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd